



# মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা

নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা  
স্থাপিত : ০১/০১/১৯৯০ খ্রিঃ।



★ EINN-103132 ★ E-mail-m103132@yahoo.com. ★ Madrasah Code : 19754

Mobile : Self- 01818-906-995 # Self- 01559-482-920 # Office- 01612-917-106 # Office- 01309-103-132

স্মারক নং-মউমইফামা/উনিশ-১৯/১৯৬/২০২৩/৪৯৪৬(৯)

তারিখ : ১০/০৮/২০২৩ খ্রিঃ

## -অফিস আদেশ-

অত্র মাদরাসার শিক্ষক কর্মচারীদের বিলম্ব আগমন ও আগাম প্রস্থান রোধকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের আদেশক্রমে অধিকন্তু বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকার আদেশের প্রেক্ষিতে *The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 Date of 4 September, 1982* মহামান্য সূপ্রীম কোর্টের রায়ের প্রেক্ষিতে 'গণকর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এর কার্যকারিতা সংক্রান্ত অধ্যাদেশের ৪, ৫, ৬ নং আইন এর অধ্যাদেশের নির্দেশনা মোতাবেক অধিকন্তু অত্র মাদরাসায় চালুকৃত অনলাইন হাজিরা পর্যালোচনায় দেখা যায় নিম্নোক্ত সময়ে ডিজিটাল হাজিরার ফিঙ্গারিং টাইম সিডিউল অনুসরণ না করিয়া কর্মস্থলে বিলম্বিত আগমন ও কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করিয়াছেন মর্মে প্রতিভাত হয়। তাহাতে সংঘটিত অধ্যাদেশের ৪, ৫, ৬ নং আইন এর অপরাধ বটে। ভবিষ্যতে পেশাগত দায়িত্ব পালনে আরো যত্নশীল হইবার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল। অন্যথায় বিধি মোতাবেক বেতন ভাতা কর্তন করা হইবে। ইহাতে কোন ওজর বা আপত্তি গ্রাহ্য হইবে না।

### দিবা কালীন শিক্ষক-কর্মচারীর ফিঙ্গারিং টাইম সিডিউল

ক্রঃ	বার	আগমন (ফিঙ্গার শুরু টাইম)	আগমন (ফিঙ্গার শেষ টাইম)	প্রস্থান (ফিঙ্গার শুরু ও শেষ টাইম)	শুরু সময় (ডিজিটাল টাইম)
০১	রবিবার	সকাল-৭.৫০ টাঃ হতে ৮.৫০ টাঃ	৮.৫০ টাঃ	বিকাল-২.০০ টাঃ হতে ২.৩০ টাঃ	১৪.০০ টাঃ
০২	সোমবার	সকাল-৭.৫০ টাঃ হতে ৮.৫০ টাঃ	৮.৫০ টাঃ	বিকাল-২.০০ টাঃ হতে ২.৩০ টাঃ	১৪.০০ টাঃ
০৩	মঙ্গলবার	সকাল-৭.৫০ টাঃ হতে ৮.৫০ টাঃ	৮.৫০ টাঃ	বিকাল-২.০০ টাঃ হতে ২.৩০ টাঃ	১৪.০০ টাঃ
০৪	বুধবার	সকাল-৭.৫০ টাঃ হতে ৮.৫০ টাঃ	৮.৫০ টাঃ	বিকাল-২.০০ টাঃ হতে ২.৩০ টাঃ	১৪.০০ টাঃ
০৫	বৃহঃবার	সকাল-৭.৫০ টাঃ হতে ৮.৫০ টাঃ	৮.৫০ টাঃ	বিকাল-২.০০ টাঃ হতে ২.৩০ টাঃ	১৪.০০ টাঃ

### নৈশ কালীন কর্মচারীর ফিঙ্গারিং টাইম সিডিউল

০৬	প্রতিনিয়ত (সপ্তাহ ব্যাপী)	বিকাল - ৫.০০ টাঃ হতে সন্ধ্যা=৬.০০ টাঃ	সকাল - ৬.০০ টাঃ হতে সকাল=৭.০০ টাঃ
----	----------------------------	---------------------------------------	-----------------------------------

২) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনামতে এই দেশে মাদরাসা ধারার শিক্ষার ও পরীক্ষার মাধ্যম আরবি, বাংলা ও ইংরেজি এ তিন ভাষায়। অধ্যয়নকালে সকল শিক্ষার্থীদের হাতের লিখা সুন্দর করণ একজন শিক্ষক গুরুর একটি গুরু দায়িত্ব। তাই প্রত্যেক শ্রেণির আরবি, বাংলা ও ইংরেজি বিষয় শিক্ষকগণ বাধ্যতামূলকভাবে ১ম শ্রেণি হইতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সাদা কাগজে বা খাতায় উক্ত বিষয়ের দৈনন্দিন বাড়ির কাজ আদায় করিবেন। ইহা ছাড়া মাদরাসার শ্রেণী কার্যক্রম চলাকালীন সময়ে মাদরাসা ক্যাম্পাসে শ্রেণি কক্ষে কিংবা শ্রেণি কক্ষের বাহিরে শিক্ষক ও শিক্ষার্থীকে রাষ্ট্রীয় ভাষা “বংলা” অবশ্যই ব্যবহার করিতে হইবে। কোনভাবে এর ব্যত্যয় ঘটানো যাইবে না। বর্ণিত নির্দেশনা প্রতিপালনসহ ডিজিটাল সিডিউল মোতাবেক আগমন ও প্রস্থানকালে ফিঙ্গার নিশ্চায়ন করিবার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল। অন্যথায় বিলম্ব আগমন ও আগাম প্রস্থানের জন্য বিধি মোতাবেক বেতন বিল কর্তনের ব্যবস্থা গ্রহণ করা হইবে।  
“ বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও লক্ষণীয় এবং অনুসরণীয় ”।

(মাওঃ মোহাম্মদ সৈয়দ হোসাইন)

অধ্যক্ষ

মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা  
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

☎ ০১৮১৮৯০৬৯৯৫/০১৫৫৯৪৮২৯২০

জনাব .....

পদবী : .....

মদিনাতুল উলুম মডেল ইন : ফাজিল(ডিগ্রি) মাদ্রাসা

নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মহা-পরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা-১২১১।

৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

৫। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

৭। জনাব আলহাজ্ব আব্দুর রহমান, সভাপতি, নির্বাহী কমিটি, অত্র মাদরাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।

৮। সদস্য (সকল), নির্বাহী কমিটি, অত্র মাদরাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।

৯। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অত্র মাদরাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা। পত্রটি নোটিশ রেজিস্টার ও অনলাইনে প্রচারের অনুরোধসহ।

১০। সংশ্লিষ্ট নথি।